


ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বিগত ০১ জুলাই, ২০১৬ তারিখ হতে ৩১ অক্টোবর, ২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে অতীত গুরুত্বপূর্ণ/ উল্লেখযোগ্য কার্যাবলি নিম্নরূপ:-

- ই-হজ ব্যবস্থাপনার বাস্তবায়ন অর্থাৎ অন-লাইন হজযাত্রীদের প্রাক নিবন্ধন, নিবন্ধন, জাতীয় পরিচয় পত্রের তথ্য যাচাইকরণ, হজযাত্রীদের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহ;
- মেশিন রিডেবল পাসপোর্ট এর তথ্য সংগ্রহ ও তথ্য যাচাইকরণ হজযাত্রীদের আঞ্জুলের ছাপ গ্রহণ ও ভিসা লজমেন্ট এর কাজ অনলাইনের মাধ্যমে সম্পন্ন করন;
- হজযাত্রীদের বাসাভাড়া, পরিবহন ব্যবস্থাসহ ট্রলিব্যাগ, কীটব্যাগ, ঔষধ, কজিবেল্ট ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করণ;
- ২০১৬ সনে সরকারী ও বেসরকারী ব্যবস্থাপনায় যথাক্রমে (৫১৯২+৯৬১৬৩)=১০১৩৫৫ জন হজযাত্রী সৌদি আরবে প্রেরন ও দেশে ফেরৎ আনয়ন;
- মসজিদ ভিত্তিক ২৮,০০০ প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে ৮,৪০,০০০ শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছে;
- মন্দির ভিত্তিক ৫,৭৫০ টি প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে প্রায় ১,৭১,২৫০ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছে;
- প্যাগোডা ভিত্তিক ১০০ টি প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে ২,০০০ শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছে;
- ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক ২১৭৭ জন ইমামকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে;
- হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক ২,২৫০ জন পুরোহিত/সেবাইতকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক ৬৪ টি জেলা ও ৫০৫ টি উপজেলায় সন্দেশ ও জঞ্জিবাদ বিরোধী আলোচনা সভা ও রেলী করা হয়েছে এবং বায়তুল মোকাররম মসজিদসহ সারা বাংলাদেশে ২,৬০,০০০ মসজিদে ৫৫,১৮০ টি মসজিদে ইমামকর্তৃক খুৎবার মাধ্যমে জঞ্জিবাদ বিরোধী প্রচারনা কার্যক্রম পরিচালিত হয়েছে।
- ৩ (তিন) মাস মেয়াদী বিভিন্ন গ্রেডের ১৯টি নন-গেজেটেড শূন্য পদ পূরণ;
- ২০১৬ সনের হজযাত্রী, মোনাঞ্জেম ও গাইডগণের প্রকৃত সংখ্যা প্রতিদিন অনলাইনে প্রকাশকরণ;
- সৌদি আরবে বাংলাদেশ হজ মিশনের চিকিৎসা কেন্দ্র থেকে ৬৪,০৫৭ জন হাজীকে চিকিৎসা সেবা প্রদান।
- NIS এর কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।
- মন্ত্রিপরিষদ বিভাগের সাথে মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর।
- চট্টগ্রাম হজক্যাম্প পুনরায় চালুকরণের জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণের নিমিত্ত চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-কে পত্র প্রেরণ।
- হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে দুর্গাপূজা উপলক্ষে ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অনুদান বিতরণ।
- হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বিভিন্ন জেলা থেকে মঠ/মন্দির তালিকাভুক্তির প্রাপ্ত আবেদন থেকে সার্টিফিকেট বিতরণ এবং বিভিন্ন জেলার মঠ/মন্দির/আশ্রম ও দুঃস্থদের অনুদান বিতরণ।


মোঃ আহসান হাবীব
সহকারী সচিব (প্রশাসন-২)